গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
বেতাগী, বরগুনা।
www.doict.betagi.barguna.gov.bd

| | | |
|---|---|---|
| সভার নাম | : | মাসিক আইসিটি সভা। |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |
| তারিখ ও সময় | : | ১১.০৭.২০২৩ দুপুর : ২ টা। |
| সভাপতি | : | ফারুক আহমেদ<br>উপজেলা নির্বাহী অফিসার<br>বেতাগী, বরগুনা। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাও, ঢাকা এর স্মারক নং-৫৬.০০.০০০০.০১৯.৩৮.০২৮.১৬-১১০; তারিখঃ ১৪/০৭/১৯ খ্রি. এর প্রজ্ঞাপনটি পড়ে শুনানো হয়। সভার উপস্থিত সদস্যগণের নিকট নিজ প্রতিষ্ঠান এর আইসিটি বিষয়ক কার্যক্রম সংক্রান্ত বর্তমান অবস্থা সম্পর্কে জানতে চাওয়া হয়। সভাপতি মহোদয় উপজেলা আইসিটি সংক্রান্ত সকল কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে উপস্থিত সকলকে অনুরোধ জানান। এরপর সভাপতি মহোদয় ডিজিটাল সিকিউরিটি অ্যাক্ট-২০১৮ নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সর্বশেষে উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা আইসিটি কমিটির উপদেষ্টা জনাব মোঃ মাকসুদুর রহমান ফোরকান মহোদয় বক্তব্য রাখেন এবং আইসিটি এর ব্যবহার বাড়ানোর জন্য দিকনির্দেশনা দেন।

সভায় উপস্থিত সদস্যগন তাদের গৃহীত সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | **শেখ রাসেল ডিজিটাল ল্যাবঃ** | ০১) শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়িত হয় তা মনিটরিং ও সহযোগিতা করার জন্য সহকারী প্রোগ্রামার কে অনুরোধ করা হয়। এছাড়া ক্যাডার অফিসার দের কে শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন এবং শিক্ষকদের প্রয়োজনীয় পরামর্শ দেয়ার জন্য অনুরোধ জানানো হয়।<br>০২) উপজেলা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অফিসার সকল শিক্ষা প্রতিষ্ঠানের শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলো মনিটরিং করে প্রতিবেদন দিবেন।<br>০৩) শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলোতে শিক্ষার্থীদের প্রশিক্ষন নিশ্চিত করতে হবে। প্রতি কম্পিউটার এ দুই পাশে দুটি টুল ব্যবহার করে ৩ জন শিক্ষারথীকে বসাতে হবে। এতে করে এক ব্যাচ এ বেশি শিক্ষার্থী প্রশিক্ষন গ্রহণ করতে পারবে।<br>০৪) শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর নষ্ট সরঞ্জামাদি দ্রুত মেরামতের জন্য নির্দেশনা দেয়া হয়। সরঞ্জামাদি মেরামতের জন্য স্থানীয় ভাবে সমাধান করার নির্দেশনা দেয়া হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী প্রোগ্রামার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, প্রতিষ্ঠান প্রধান |

| | | | |
|---|---|---|---|
| | | ০৫) ক্লাস রুটিন এর সাথে সমন্বয় করে ল্যাব ব্যবহারের সংখ্যা বাড়াতে হবে।<br>০৬) যে কোন শিক্ষক ল্যাব ব্যবহার করতে পারবে। | |
| ২ | **শিক্ষায় আইসিটি এর যথাযথ ব্যবহারঃ** | ১) শিক্ষা প্রতিষ্ঠান এ আইসিটি এর ব্যবহার ত্বরান্বিত করার জন্য শিক্ষকদেরকে "শিক্ষক বাতায়ন" এর ওয়েবসাইট থেকে কন্টেন্ট গুলো ডাউনলোড করে মাল্টিমিডিয়া ক্লাস রুম এ ক্লাস নেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়। | শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ |
| ৩ | **জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদকরণঃ**<br>ক) উপজেলা সরকারি অফিসঃ উপজেলা সরকারি অফিস সমূহের নিজস্ব ওয়েব পোর্টাল হালনাগাদ করা নিয়মিতভাবে একান্ত প্রয়োজন। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে তথ্যের সহজলভ্য করার প্রতিটি সরকারি অফিসের আইনগত বাধ্যবাধকতা রয়েছে।<br>খ)ইউনিয়ন পরতালঃ ডিজিটাল বাংলাদেশের নাগরিক সুবিধা গ্রাম গঞ্জে পউচে দেয়ার জন্য বর্তমান সরকার বদ্ধপরিকর। নাগরিক সেবা জনগনের দোরগোড়ায় পৌছে দেয়ার জন্য বাংলাদেশের প্রতিটি ইউনিয়নের জন্য রয়েছে জাতীয় তথ্য বাতায়ন। ইউনিয়নের সকল তথ্য হালনাগাদ করা একান্ত জরুরী। | ১) বেতাগী উপজেলার সকল দপ্তরকে দ্রুত তাদের নিজ দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ (বাংলা ও ইংরেজি উভয় ভার্সন) করার জন্য অনুরোধ করা হয়।<br>২) সরকারি সকল অফিসের কার্যক্রম যেমন নোটিশ, কার্যবিবরণী, কর্মকর্তা/ কর্মচারীদের হালনাগাদ তথ্য, সিটিজেন চার্টার জাতীয় তথ্য বাতায়নে সংযুক্ত করার নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া ওয়েব পোর্টাল এর সেবা বক্স, মেনু সমূহ নির্দেশিকা অনুসারে দ্রুত হালনাগাদ করার অনুরোধ করা হয়।<br>৩) ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান ও ইউনিয়ন পরিষদ সচিবদের তথ্য হালনাগাদ করার নির্দেশনা প্রদান করা হয়।<br>৪) ওয়েবপোর্টাল এর যেকোনো কারিগরি ত্রুটি সহকারী প্রোগ্রামারকে অবহিত করার নির্দেশনা প্রদান করা হয়। | স্ব-স্ব সরকারি দপ্তরের দপ্তর প্রধান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ সচিব, ও কারিগরি সহায়তায় সহকারী প্রোগ্রামার |
| ৪ | **ইউনিয়ন ডিজিটাল সেন্টারঃ** | ১) যে সকল উদ্যোক্তা আরও উদ্যোক্তা তৈরি করতে আগ্রহী বা নিজ উদ্যোগে নতুন আয়ের উৎস তৈরি করতে সক্ষম তাদেরকে উপজেলা প্রশাসন হতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। কোন উদ্যোক্তা চাইলে তার ইউডিসি এর শাখা স্থানীয় বাজারে খুলতে পারবে। | উপজেলা নির্বাহী অফিসার, ইউ ডি সি উদ্যোক্তা |
| ৫ | **ইন্টারনেট এর যথাযথ ব্যবহারঃ** | ১) ইন্টারনেট কানেকশনের গতি বৃদ্ধির জন্য ইন্টারনেট এর অপব্যবহার বন্ধ রাখতে হবে।<br>২) বেতাগী উপজেলায় ইন্টারনেট এর গতি বাড়ানোর জন্য সংশ্লিষ্ট ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার দের দ্রুত ব্যাবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হয়। | স্ব-স্ব সরকারি দপ্তরের দপ্তর প্রধান, আইএসপি (বিসিসি) |
| ৬ | **"আমার চোখে বঙ্গবন্ধু" বিষয়ে ভিডিও চিত্র প্রতিযোগিতাঃ**<br>মন্ত্রীপরিষদ বিভাগ এর মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা এর ২২ জুন ২০২৩ এর স্মারক নং- ০৪.০০.০০০০.৫১৪.৯৯.০০১.২৩.৪১৭ এর কার্যবিবরণী অনুসারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর রাজনৈতিক দর্শন, আদর্শ, ও কর্মজীবনের | ১) উপজেলা বাছাই কমিটি এ বিষয়ে নিয়মিত সভা করবে ।এ বিষয়ে প্রয়োজনীয় কারিগরি পরামর্শ দেয়ার জন্য সহকারী প্রোগ্রামারকে নির্দেশনা দেয়া হয়।<br>২) ছাত্র-ছাত্রীদের ব্যাপক অংশগ্রহন নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারকে নির্দেশনা দেয়া হয়। | সংশ্লিষ্ট বিষয়ে উপজেলা বাছাই কমিটি |

| | | | |
|---|---|---|---|
| | অনুপ্রেরনা কোমলমতি ছাত্র-ছাত্রীদের মাঝে ছড়িয়ে দেয়ার জন্য ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে "আমার চোখে বঙ্গবন্ধু" বিষয়ে এক মিনিট ভিডিও চিত্র প্রতিযোগিতা আয়জনের নির্দেশনা রয়েছে। | | |

সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে সঠিক সময়ে পালন করার অনুরোধ করেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/০৭/২০২৩

(ফারুক আহমেদ)
উপজেলা নির্বাহী কর্মকর্তা,
বেতাগী, বরগুনা
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি,
বেতাগী বরগুনা।
ফোন: ০৪৪৫৪৫৬০০১
E-mail: unobetagi@mopa.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.০৪৪৭.০০১.০৬.০০১.২৩-১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো:

১। মাননীয় সংসদ সদস্য, ১১০ বরগুনা-২।
২। একাদশ জাতীয় সংসদ এর ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য (সকল)।
৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪। জেলা প্রশাসক, বরগুনা।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেতাগী বরগুনা।
৬। উপজেলা.......................কর্মকর্তা।
৭। জনাব/বেগম..................................।
৮। অফিস কপি।

২১/০৭/২৩

(মোঃ ফাইজুল হক আরিফ)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য-সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি,
বেতাগী বরগুনা।